

বেঙ্গল লাইব্রেরী অ্যাসোসিয়েশন

(বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ)

পি-১৩৪, সি-আই-টি, ফ্লীম-৫২

কলকাতা - ৭০০ ০১৪, দূরভাষ - ৬৫৩৩ ২১০২

সদস্যপদ সম্পর্কিত কয়েকটি ধারার সারাংশ :

(ক) অ্যাসোসিয়েশনের সদস্যপদ চারি প্রকারের :

(১) দাতা সদস্য : ১৮ বৎসর বা তদূর্ধ্ব কোন ব্যক্তি এককালীন অনূন ৫০০০.০০ টাকা চাঁদা দিলে দাতা সদস্য হইবেন।

(২) আজীবন সদস্য : ১৮ বৎসর বা তদূর্ধ্ব কোন ব্যক্তি এককালীন অনূন ৮০০.০০ টাকা চাঁদা দিলে আজীবন সদস্যপদভুক্ত হইবেন। ভারতবর্ষ বাদে অন্য সার্কদেশগুলির নাগরিকদের ক্ষেত্রে ভারতীয় মুদ্রায় ১০০০.০০ টাকা অথবা তাহার সমতুল বিদেশী মুদ্রা। সার্কদেশগুলি বাদে বিদেশী নাগরিকদের ক্ষেত্রে ভারতীয় মুদ্রায় ২০০০.০০ টাকা অথবা তাহার সমতুল বিদেশী মুদ্রা।

(৩) প্রাতিষ্ঠানিক সদস্য :

(ক) সাধারণ গ্রন্থাগার, বিশ্ববিদ্যালয়, কলেজ, বিদ্যালয় গ্রন্থাগার, গবেষণা প্রতিষ্ঠান এবং বিদ্বজ্জন প্রতিষ্ঠানের ক্ষেত্রে বাৎসরিক ১৫০.০০ টাকা চাঁদা দিলে সদস্য হওয়া যাইবে।

(খ) গ্রন্থাগারিক ও গ্রন্থাগার কর্মীদের প্রতিষ্ঠানের ক্ষেত্রে বাৎসরিক চাঁদা ২০০.০০ টাকা।

(গ) ভারতবর্ষ বাদে অন্য সার্কদেশগুলির প্রতিষ্ঠানের ক্ষেত্রে বাৎসরিক চাঁদা ভারতীয় মুদ্রায় ৩০০.০০ টাকা অথবা তাহার সমতুল বিদেশী মুদ্রা। সার্কদেশগুলি বাদে অন্য দেশের প্রতিষ্ঠানের ক্ষেত্রে বাৎসরিক চাঁদা ১০০০.০০ টাকা অথবা তাহার সমতুল বিদেশী মুদ্রা।

(৪) সাধারণ সদস্য : ১৮ বৎসর বয়স্ক বা তদূর্ধ্ব বয়স্ক গ্রন্থাগার, শিক্ষা ও সংস্কৃতি অনুরাগী ব্যক্তিগণ বাৎসরিক চাঁদা ৭৫.০০ টাকা দিলে সাধারণ সদস্যপদভুক্ত হইবেন। ভারতবর্ষ বাদে অন্য সার্কদেশগুলি নাগরিকদের ক্ষেত্রে ভারতীয় মুদ্রায় ২৫০.০০ টাকা অথবা তাহার সমতুল বিদেশী মুদ্রা। সার্কদেশগুলি বাদে বিদেশী নাগরিকদের ক্ষেত্রে ভারতীয় মুদ্রায় ৭৫০.০০ টাকা অথবা তাহার সমতুল বিদেশী মুদ্রা।

(খ) আবেদনপত্র পূর্ণ করিয়া নির্ধারিত চাঁদাসহ অ্যাসোসিয়েশন অফিসে প্রেরণ করিলে তাহা কার্যনির্বাহক সমিতির সভায় বিবেচনার জন্য পেশ করা হইবে। চাঁদা Bengal Library Association-এর নামে ডাকযোগে Bank Draft-এর মাধ্যমে পাঠানো যায় অথবা নগদে অ্যাসোসিয়েশন কার্যালয়ে জমা দেওয়া যায়।

(গ) সদস্যগণ অ্যাসোসিয়েশনের বার্ষিক সম্মেলন, বার্ষিক সাধারণ সভা এবং অন্যান্য বিশেষ সাধারণ সভায় অংশগ্রহণ করিতে পারিবেন। অ্যাসোসিয়েশনের বর্তমান নিয়মাবলী অনুসারে প্রত্যেক সদস্য অ্যাসোসিয়েশনের মাসিক বাংলা মুখপত্র “গ্রন্থাগার” বিনামূল্যে পাইবেন। সদস্যগণ নির্ধারিত অর্থ জমা রাখিয়া অ্যাসোসিয়েশনের গ্রন্থাগার ব্যবহার করিতে পারিবেন।

পরিষদের নির্বাচন : প্রার্থীর আবেদনপত্র পরিষদের কেন্দ্রীয় কার্যনির্বাহক কমিটি অনুমোদন করার (সংবিধানের ১৩ ধারা অনুযায়ী) ১২ মাস পরে সদস্যরা নির্বাচনে অংশগ্রহণ করিতে পারিবেন।

দ্রষ্টব্য : — এপ্রিল মাস হইতে অ্যাসোসিয়েশনের বর্ষ গণনা করা হয় এবং মার্চ মাসে বর্ষ শেষ হয়। চাঁদা অগ্রিম দেয়।